সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি
সুনামগঞ্জ
**www.shilpakala.sunamganj.gov.bd**

## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

(জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ১.১ এবং ১.২ অনুযায়ী)

সভাপতি : আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী, জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জ
সভার তারিখ : ১২.০৩.২০২০ খ্রিস্টাব্দ
সভার সময় : ৩.৩০ ঘটিকা
স্থান : সুনামগঞ্জ লোকসংস্কৃতি সংগ্রহশালা, জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে তৎপর এবং সকলক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োগ করার জন্য সকলকে অনুরোধ করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি | যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে (সকাল ৯.০০ টার পূর্বে) আবশ্যিকভাবে উপস্থিত হতে হবে। সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর করতে হবে। |
| ২. | দাপ্তরিক দায়িত্ব পালন | দাপ্তরিক দায়িত্ব পালন এবং যথাসময়ে কাজ সমাপ্ত করার বিষয়ে আলোচনা হয়। চলমান আইন ও বিধি-বিধান এবং ন্যায়-নীতির আলোকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত যথাসময়ে যথাযথ দাপ্তরিক দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে। |
| ৩. | বিবিধ | উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব আন্তরিকতার সহিত পালনের মানসিকতা গড়ে তুলতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে নৈতিক মূল্যবোধ নিয়ে কাজ করার অনুরোধ জানায় এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
জেলা কালচারাল অফিসার
সুনামগঞ্জ

স্মারক নং : ৪৩.২০.৯০০০.০০০.০০.০০১.২০.২৩

তারিখ : ১৫.০৩.২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ।
২. অতিরিক্ত  জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ।
৩. অফিস কপি।

আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
জেলা কালচারাল অফিসার
সুনামগঞ্জ